মাননীয়,

ল্যান্ড সার্ভে ট্রাইবুন্যাল, ফেনী

ল্যান্ড সার্ভে মামলা নং-   /১৫ইং।

জেলা- ফেনী।

এ.বি.এম সফিউল আজম------------------------------- বাদী

বনাম

সফিউল্যাহ গং ------------------------------------------- বিবাদী

**বিবাদী পক্ষে নালিশী ভূমি বাবতে Local Investigation এর প্রার্থনা।**

নিবেদন এই,

নালিশী ভূমি কৃষ্ণরামপুর মৌজার সি,এস ২৭০ নং খতিয়ানের সাবেক ৮৩ দাগে ১.৩২ ডিং ভূমি হয়। তবে খতিয়ানে উক্ত ৩২ ডিং ভূমি হইলে ও সি,এস নকশায় ভূমির পরিমান ৩৩.৬১ ডিং হয়। ঈশান চন্দ্র শীলের পুত্র গগন চন্দ্রশীল ১-৪ নং বিবাদীগনের পিতা আলী আজ্জমের নিকট বিগত ১১/৩/৪৭ ইং তারিখের রেজিঃ ১৪২৭ নং ছাপকবলা মূলে ৮৩ দাগের পূর্বাংশের অর্ধেক ভূমি বিক্রয় করায় আলী আজ্জম তাহাতে মালিক দখলকার হয়। আলী আজ্জমের মৃত্যুতে ১-৪ নং বিবাদীগন পুত্র স্বরুপে পিতার ত্যাজ্য ভূমিতে ওয়ারিশ সূত্রে মালিক দখলকার হয়। হাল বাংলাদেশ জরিপে ১-৪ নং বিবাদী গনের নামে ঐ মৌজার সাবেক ৮৩ দাগ হাল বি,এস ২৫৪নং খতিয়ানে বি,এস ১১৪ দাগে রকম নাল হিসাবে ২০ ডিং ভূমি রেকর্ড হয়। অপর দিকে বাদীর বায়ার নামে সাবেক ৮৩ দাগ বি,এস ২১২নং খতিয়ানে হাল বি,এস ১১৩ দাগে  ১৩ ডিং ভূমি রেকর্ড হইলেও হাল নকশায় সরেজমিনে ১৮.৫০ ভূমি বর্তমান আছে। ১-৪নং বাদীগনের নামে ১১৪ দাগে ২০ ডিং রেকর্ড হইলে বাস্তবে বি,এস নকশায় ১৫.১১ ডিং ভূমি বর্তমান আছে। বি,এস নকশায় হাল দাগ পরিমাণ অর্ধ্যাংশ করিয়া বাস্তবে অবস্থান হয়ে বরং ভূল ও অশুদ্ধ হয়। বাদী ও বিবাদী পক্ষের নামীয় হাল বি,এস দাগ ও মূল নকশায় জমির পরিমান কম বেশী হওয়ায় তাহা মাপঝোপ করে সীমানা ও নক্সায় শুদ্ধ করার জন্য Local Investigation হওয়া একান্ত আবশ্যক।

অতএব, এই বিবাদীগন বিনীত ভাবে প্রার্থনা করেন যে, নালিশী ভূমি বাবতে সি,এস নকশা ও হাল বি,এস নকশায় ভুল ভ্রান্তি নিরসনের জন্য Local Investigation এর নিমিত্বে অত্রাদালতের একজন সার্ভে জানা এডভোকেট সাহেবকে কমিশনার নিয়োগ করার এবং কমিশনার সাহেব কমিশন প্রতিবেদন দাখিল করার জন্য আদেশ দানে বাধিত করার মর্জি হয়।

**তফছিল Local Investigation এর বিষয়**

জিলা- ফেনী, থানা- দাগনভূঁঞা মৌজে ১৪৪নং কৃষ্ণরামপুর মধ্যে সি,এস ২৭০ নং খতিয়ানের সাবেক ৮৩ দাগ হাল বি,এস জরিপে ঐ মৌজার ২৫৪নং খতিয়ানে হাল বি,এস ১১৪ দাগ ২০ ডিং ভূমি রেকর্ড হইলেও বাস্তবে কতটুকু হাল নকশায় আছে এবং ঐ মৌজে মধ্যে হাল বি,এস জরিপে ২১২ নং খতিয়ানে বি,এস ১১৩ দাগে ১৩

ডিং রেকর্ড হইলে ও বাস্তবে ঐ বি,এস ১১৩ দাগে কতটুকু হাল বি,এস নকশায় আছে তাহা কমিশনার সাহেব পরিমাপ করিয়া অসম থাকিলে তাহা মাপঝোপ করিয়া \. আনা এবং ||.আনা করিয়া বাদী ও বিবাদীগনকে সরেজমিনে নকশা চিঠা প্রস্তুত করিয়া অত্রাদালতে তাহা দাখিল করিবেন।

সত্যপাঠ

অত্র দরখাস্তে লিখিত যাবতীয় বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্যঅত্র সত্যতায় শুদ্ধ স্বীকারে নিম্নে নিজ নাম স্বাক্ষর করিলাম।

ইতি তাং-